

## সিন্ধেশ্বরী গার্লস কলেজ মেয়াদ শেষ হলেও অফিস করছেন অধ্যক্ষ সৈয়দা শামসে আরা হোসেন

৭৩

report/-

### নিজস্ব বার্তা পরিবেশক

সিন্ধেশ্বরী গার্লস কলেজের মেয়াদ শেষ হওয়া অধ্যক্ষ সৈয়দা শামসে আরা হোসেনের বিরুদ্ধে স্বজনপ্রীতি, দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ উঠেছে। তিনবার এন্ট্রেনশন করে গত ৪০ বছর ধরে একই পদে দায়িত্ব পালন করে মেয়াদ শেষ হলেও এখনও তিনি নিয়মিত অফিস করছেন বলে জানা গেছে। আজ্ঞা তিনি অবৈধভাবে পুনরায় শিক্ষককে বরখাস্ত করে স্বজনপ্রীতির মাধ্যমে আত্মীয়া-স্বজনদের করছেন : পৃঃ ২ কঃ ৬

### করছেন : অফিস

(১২ পৃষ্ঠার পর)

শিক্ষক হিসেবে নিয়োগ দিয়েছেন বলে অভিযোগ করেছেন একই কলেজের কয়েকজন শিক্ষক। তবে অধ্যক্ষ সৈয়দা শামসে আরা এ অভিযোগ অস্বীকার করেছেন।

অভিযোগ সূত্রে জানা গেছে, সিন্ধেশ্বরী গার্লস কলেজের অধ্যক্ষ সৈয়দা শামসে আরা হোসেনের মেয়াদ শেষ হয়েছে গত ২৭ জানুয়ারি। কিন্তু তিনি গতকাল বুধবার পর্যন্ত অফিস করেছেন এবং অবৈধভাবে অফিসিয়াল ফাইলপত্র সই করেছেন। কলেজের নিয়মানুযায়ী অধ্যক্ষের মেয়াদ শেষ হলে তিনি অফিসিয়াল কোন ফাইলপত্র সই করতে পারেন না। অধ্যক্ষের মেয়াদ শেষ হলে কলেজের কোন সিনিয়র শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে নিয়োগ করতে হবে এবং তিনি পরবর্তী অধ্যক্ষ নিয়োগ না হওয়া পর্যন্ত অধ্যক্ষের কাজ চালাতে নেবেন। কিন্তু তিনি নিয়মানুযায়ী কাজ না করে অবৈধভাবে নিজ পছন্দের সিনিয়র শিক্ষক প্রভাষক মাহমুদা বেগমকে অধ্যক্ষ পদে নিয়োগ দেয়ার পায়তারা করেছেন। আর এক্ষেত্রে কলেজ পরিচালনা কমিটির সভাপতি (সাবেক সচিব) এ এটচ এম আবুল কাশেমসহ কয়েকজন সদস্য সহযোগিতা করছেন বলে অভিযোগ পাওয়া গেছে।